



০২ অক্টোবর ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও তদসংলগ্ন এলাকায় সভা সমাবেশ না করার অনুরোধ জানিয়ে নোটিশ জারি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গতকাল ০১ অক্টোবর ২০২৪ তারিখে একটি জরুরী নোটিশ জারি করা হয়েছে। নোটিশে উল্লেখ আছে যে- “জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। এই বিশ্ববিদ্যালয়ের ওপর দেশের প্রায় ৩৬ লক্ষ শিক্ষার্থী এবং লক্ষাধিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর জীবন-জীবিকা ও দেশের উচ্চ শিক্ষার ভবিষ্যৎ জড়িত। এই স্থাপনার ভাব-গাম্ভীর্য, নিরাপত্তা এবং সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আজ থেকে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং তদসংলগ্ন এলাকায় যেকোনো ধরনের সভা-সমাবেশ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।”

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়